



নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০২.২০২২-২৮৫

তারিখঃ ০৫/০১/২০২৩ খ্রি:।

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়  
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের আপদকালীন পরিস্থিতি মোকাবেলা করার জন্য অর্থ বরাদ্দ প্রসংগে।


উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বান্দরবান জেলার বিভিন্ন উপজেলাধীন ব্যক্তির অনুকূলে আপদকালীন পরিস্থিতি মোকাবেলার জন্য অর্থ প্রদানের নিমিত্ত তাদের নামের পার্শ্বে উল্লিখিত অর্থ প্রদানের নিমিত্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এর অনুকূলে বর্ণিত শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

ক্র. নং	আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	বরাদ্দের ধরণ	অনুমোদিত বরাদ্দ
১.	জনাব ক্রাইপুং মুরুং, ৫নং ওয়ার্ড, উজানী পাড়া, পৌরসভা এলাকা, বান্দরবান সদর।	আর্থিক সাহায্য	৫০,০০০/-
২.	সভাপতি, বাংলাদেশ স্টুডেন্টস এসোসিয়েশন কেন্দ্রীয় কমিটি, বান্দরবান পার্বত্য জেলা।	আর্থিক সাহায্য	৫০,০০০/-
৩.	জনাব য়াংগান স্নো, বাইট্যা পাড়া, ৫ নং টংকাবতী ইউনিয়ন, বান্দরবান সদর, বান্দরবান।	আর্থিক অনুদান	১,০০,০০০/-

০২। চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়- ১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি-৩ আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২১-নগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২১১০২ ত্রাণ কার্য (নগদ) খাতে বরাদ্দকৃত ৮,০০,০০,০০০/- (আট কোটি) টাকার মধ্যে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা খাতে বিভাজনকৃত ৭,৬৫,০০,০০০/- (সাত কোটি পঁয়ষট্টি লক্ষ) টাকা হতে এ ব্যয় বহন করা হবে।

### শর্তসমূহ:

- (১) মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র যথাসময়ে চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- (২) বরাদ্দকৃত অর্থ A/c payee চেকের মাধ্যমে বিতরণপূর্বক মাস্টার রোল নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত উপকারভোগীর সংখ্যাসহ প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- (৩) বরাদ্দকৃত অর্থ ব্যবহারে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ১৫/০৪/২০০২ তারিখের ৪৩২ নং স্মারকের পরিপত্রের শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- (৪) মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় ও মুহূর্তে যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।




(মো: হায়দার আলী মোল্লা)  
সহকারী সচিব  
ফোন-৫৫১০০৬৩০

তারিখঃ ০৫/০১/২০২৩ খ্রি:।

নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০২.২০২২-২৮৫

সদয় জ্ঞাতার্থে/কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।
৩. অতিরিক্ত সচিব (সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা।
৮. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯. (ক) জনাব ক্রাইপুং মুরুং, (খ) সভাপতি, বাংলাদেশ স্টুডেন্টস এসোসিয়েশন কেন্দ্রীয় কমিটি, (গ) জনাব য়াংগান স্নো।
১০. অফিস কপি।

  
(মো: হায়দার আলী মোল্লা)  
সহকারী সচিব